**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:09-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**CM -Road safety:**

সরকে চলাচলে সতর্কতা অবলম্বনের উপর গুরুত্ব দিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। পথ দুর্ঘটনা এড়াতে জনগনকে সচেতন করে তোলার লক্ষ্যে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সড়ক সুরক্ষা বিষয়ক এক কর্মসূচির আয়োজন করা হয়। পরিবহন দপ্তর এবং ট্রাফিক পুলিশের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা একথা। তিনি বলেন, রাজ্যে বর্তমানে সাড়ে সাত লক্ষের বেশি যানবাহন রয়েছে। এরমধ্যে পাঁচ লক্ষের বেশি মোটর বাইক রয়েছে। যানবাহনের তুলনায় রাজ্যে সড়ক দুর্ঘটনার সংখ্যা  কম বলে মুখ্যমন্ত্রী জানান। তারপরও যাতে সড়ক দুর্ঘটনা কমানো যায় এইজন্য সরকার সব ধরনের চেষ্টা চালাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া সহ অন্যানরা। মুখ্যমন্ত্রী সহ অতিথিরা সবুজ পতাকা নেড়ে মোট ১৬টি অত্যাধুনিক সুবিধা যুক্ত ইন্টার সেফটি ভ্যানের যাত্রা শুরু করেন।

************************

**T.U. Convocation:**

সমাজের অনগ্রসর অংশের জনগনের কল্যানে ছাত্রছাত্রীদের নিজেদের অবদান রাখার জন্য রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু

আহ্বান জানিয়েছেন। গতকাল  ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ সমাবর্তন অনুষ্ঠানে দিক্ষান্ত ভাষণে রাজ্যপাল এই আহ্বান জানান। তিনি বলেন, সারা বিশ্বেই শিক্ষা ব্যবস্থার আমুল পরিবর্তন হচ্ছে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্তিম বুদ্ধিমত্তার মতো আধুনিকতম পদ্ধতির ব্যবহার বাড়ছে। এখানেও আধুনিক শিক্ষা পদ্ধতির অবলম্বন করা প্রয়োজন। কিন্তু তারজন্য বুনিয়াদী শিক্ষা বিষয়ের উপর সমান গুরুত্ব দেওয়া দরকার। তিনি বলেন, সরকার জাতীয় শিক্ষানীতি এন ই পি ২০২০ চালু করেছে। এই শিক্ষানীতির অন্যতম উদ্দেশ্য হল বিভিন্ন শিক্ষাগত যোগ্যতা অনুসারে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ।

*******************

**Carnival:**

শারদ উৎসব উপলক্ষ্যে আগামী ১৪ ই অক্টোবর মায়ের গমন কার্নিভাল অনুষ্ঠিত হবে  মায়ের গমন এবং শারদ সম্মান নিয়ে গতকাল প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার,  পশ্চিম ত্রিপুরা জেলাশাসক, পুলিশ সুপার  এবং বিভিন্ন ক্লাবের সভাপতি, সম্পাদকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে তথ্য সচিব প্রদীপ চক্রবর্তী প্রতিমা তৈরির ক্ষেত্রেও উচ্চতা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। মায়ের গমন কার্নিভালে কোন ডিজে ব্যবহার করা যাবেনা।

*************

**মন কি বাত**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে সেপ্টেম্বর আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের  শ্রোতাদের সঙ্গে তাঁর মনোভাব ব্যক্ত করবেন  এটি হবে মন কি বাতের ১১৪ তম পর্ব । জনসাধারণের তাদের ধারণা ,মতামত Toll free 1800-11-

7800 নাম্বারে জানাতে পারেন । তাছাড়া SMS লিংক পেতে ১৯২২ নম্বরে মিসড কল করতে পারেন । নরেন্দ্র মোদী এপ My Govt. Open Forum এও তাদের মতামত জানাতে পারেন । অগামী ২৭ শে সেপ্টেম্বর পর্যন্ত চালু থাকবে মতামত জানানোর প্রক্রিয়া ।

**PM With UAE:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লীতে আবুধারির যুব রাজ্য শেখ খালিদা বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় বসবেন । তাঁদের মধ্যে বিভিন্ন বিষয়ে আলোচনার সম্ভাবনা রয়েছে ।সংযুক্ত আরব আমিরশাহির বিভিন্ন মন্ত্রীসহ আবুধারির যুবরাজ শেখ খালেদ বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান ভারত সফরে গতকাল সন্ধ্যায় নয়াদিল্লী পৌছান । এটি তাঁর প্রথম ভারত সফর ।

## গনেশ চৌতুর্থী :

গনেশ চৌতুর্থী উপলক্ষ্যে গতকাল আগরতলায় বিভিন্ন পুজা মন্ডপে দর্শনার্থীদের ভির লক্ষ্য করা গেছে ।দর্শনার্থীরা বিভিন্ন পূজা মন্ডপ ঘুরে ঘুরে দর্শন করেন । বিভিন্ন পূজা মন্ডপে প্রসাদ বিতরণের আয়োজন ছিল । পূজামন্ডপকে কেন্দ্র করে শহরের বিভিন্ন রাজপথ আলোক সজ্জায় মেতে উঠেছে ।

*******************

**Literacy day Governor :**

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেন রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, দিবসটি ব্যক্তি, সম্প্রদায় এবং জাতির ক্ষমতায়নে সাক্ষরতার গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করায়। উল্লেখ্য গতকাল ছিল আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। ত্রিপুরা

বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানেও গতকাল রাজ্যপাল দিনটির কথা উল্লেখ করেন।

**************

**PIB:**

ভারত সরকারের প্রেস ইনফরমেশন ব্যুরো PIB-এর তথ্য অনুসন্ধানকারী ইউনিটের পক্ষ থেকে এক সতর্কবার্তায় বলা হয়েছে যে প্রধানমন্ত্রী 'কুসুম যোজনায়' নাম নথিভুক্ত করার জন্য কিছু প্রতারক ৮ হাজার টাকা চাইছে। সুবিধাভোগীর কাছে সরকারী অনুমোদনপত্র পাঠিয়ে বলা হচ্ছে যে, এই প্রকল্পে ৮ হাজার টাকা দিয়ে নাম নথিভুক্ত করলেই মঞ্জুরি মিলবে। সংশ্লিষ্ট সরকারী কতৃপক্ষ এ ধরনের অর্থ প্রদানের বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করেছে। পি.এম কুসুম সংক্রান্ত যেকোন তথ্যে মন্ত্রকের ওয়েবসাইট pmkusum.mnre.gov.in এ পাওয়া যাবে ।

**************

**চন্দ্র স্মৃতি লিগ**:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ২-০ গোলে ফরোয়ার্ড ক্লাবকে পরাজিত করে। ফলে তিন পয়েন্ট পায়।

**************

**জাতীয় সাবজুনিয়র ফুটবল** :

মধ্যপ্রদেশের নিমুচিতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের বালিকাদের সাবজুনিয়র ফুটবলের প্রথম ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল অনুষ্ঠিত খেলায় অন্ধ্রপ্রদেশ ৭-১ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়। রাজ্যদলের পক্ষে একমাত্র গোলটি করে লাল মুইয়া রিয়াং।

*************

**WEATHER:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা  জানানো হয় আকাশ সাধারণত মেঘ্লা  থাকবে । বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝরি  ধরনের বিক্ষিপ্তভাবে দু এক পশলা বৃষ্টির  সম্ভাবনা রয়েছে । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৫ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি । বাতাসে আপেক্ষিক  আদ্রতার পরিমান বেশি থাকায় রাজ্যে অসহ্য গরম অনুভুতি হচ্ছে বলে জানানো হয় ।

***********

***********

রিপিট

**CM -Road safety:**

পথ দুর্ঘটনা এড়াতে জনগনকে সচেতন করে তোলার লক্ষ্যে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সড়ক সুরক্ষা বিষয়ক এক

কর্মসূচির আয়োজন করা হয়। পরিবহন দপ্তর এবং ট্রাফিক পুলিশের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির উদ্ভোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, রাজ্যে বর্তমানে সাড়ে সাত লক্ষের বেশি যানবাহন রয়েছে। এরমধ্যে পাঁচ লক্ষের বেশি মোটর বাইক রয়েছে। যানবাহনের তুলনায় রাজ্যে সড়ক দুর্ঘটনার অনেক কম বলে মুখ্যমন্ত্রী জানান। তারপরও যাতে সড়ক দুর্ঘটনা কমানো যায় এইজন্য সরকার সব ধরনের চেষ্টা চালাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া সহ অন্যানরা। মুখ্যমন্ত্রী সহ অতিথিরা সবুজ পতাকা নেড়ে মোট ১৬টি অত্যাধুনিক সুবিধা যুক্ত ইন্টার সেফটি ভ্যানের যাত্রা শুরু করেন। এদিন অনুষ্ঠান মঞ্চে পরিবহন সচেতনতা সংক্রান্ত দুটি পুস্তকের আবরণ উন্মোচন করেন অতিথিরা।